

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭০৬

আগরতলা, ২৭ জানুয়ারি, ২০২৪

**পুষ্প ও বাহারি পাতা প্রদর্শনী সমাপ্ত**  
**বাণিজ্যিকভাবে ফুলচাষ লাভজনক : কৃষিমন্ত্রী**

বাণিজ্যিকভাবে ফুল ও বাহারি পাতা চাষ লাভজনক। রাজ্যে ফুল ও বাহারি পাতার চাষ ক্রমশ জনপ্রিয় হয়ে উঠছে। রাজ্যে এখন প্রায় ১,৭০০ জন ফুলচাষী রয়েছেন। ১,৩৭৩ হেক্টর জমিতে ফুল ও বাহারি পাতার চাষ হচ্ছে। গতকাল সন্ধ্যায় রবীন্দ্র কাননে প্রজাতন্ত্র দিবস উপলক্ষে ৪ দিনব্যাপী ৩৮তম পুষ্প ও বাহারি পাতা প্রদর্শনীর সমাপ্তি অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। হটকালচার সোসাইটি অব ত্রিপুরার উদ্যোগে গত ২৩ জানুয়ারি এই পুষ্প ও বাহারি পাতা প্রদর্শনীর সূচনা হয়েছিল। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী আরও বলেন, রাজ্যে ফুলচাষকে জনপ্রিয় করে তুলতে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। মুখ্যমন্ত্রী পুষ্প উদ্যান প্রকল্প চালু করা হয়েছে। স্বসহায়ক দলগুলিকে ফুলচাষের সাথে যুক্ত করা হচ্ছে। চলতি অর্থবছরে রাজ্যে ৩০৭ হেক্টর জমি ফুলচাষের আওতায় আনা হচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, কৃষি দপ্তরের সচিব অপূর্ব রায়, উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের অধিকর্তা ড. ফণীভূষণ জমাতিয়া। প্রদর্শনীতে বিভিন্ন ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও সান্ত্বনা পুরস্কার সহ ১৩১ জনকে পুরস্কৃত করা হয়। অতিথিগণ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। পুষ্প ও বাহারি পাতা প্রদর্শনী উপলক্ষে রঙ্গোলি ও বসে আঁকো প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*